

QP Code: 23/PT/1/V

স্নাতকোত্তর পাঠক্রম (P.G.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) : জুন, ২০২৩ / ডিসেম্বর, ২০২৩

বাংলা (Bengali)

পঞ্চম পত্র (5th Paper)

PRABANDHA SAHITYA O SHAILIBIGNAN

সময় : চার ঘণ্টা

Time : 4 hours

পূর্ণমান : ১০০

Full Marks : 100

(মানের গুরুত্ব : ৮০%)

(Weightage of Marks : 80%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting. The figures in the margin indicate full marks.

- ১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) : ১৮ × ২ = ৩৬
- ক) ‘সাম্য’ প্রবন্ধ অবলম্বনে বঙ্কিমচন্দ্রের সাম্যভাবনার মূল বক্তব্যটি পরিস্ফুট করুন।
- খ) বাংলার রেনেসাঁস সম্পর্কে কাজী আবদুল ওদুদ যে-দৃষ্টিভঙ্গির পরিচয় দিয়েছেন তা ‘বাংলার রেনেসাঁস’ প্রবন্ধ অবলম্বনে আলোচনা করুন।
- গ) ভেজাল ও নকল সম্পর্কে রাজশেখর বসু যে-যুক্তি উপস্থাপন করেছেন তা ‘ভেজাল ও নকল’ প্রবন্ধ অবলম্বনে আলোচনা করুন।
- ঘ) ‘আমরা বেশ বুঝিয়াছি যে, কমেডির হাস্য এবং ট্রাজেডির অশ্রুজল দুঃখের তারতম্যের উপর নির্ভর করে — ’ প্রাবন্ধিকের মন্তব্যটি কতটা গ্রহণযোগ্য তা প্রবন্ধটি অবলম্বনে আলোচনা করুন।
- ২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) : ১২ × ৩ = ৩৬
- ক) রাশিয়ান ফর্মালিজম সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।
- খ) শৈলীবিজ্ঞান অবলম্বনে কীভাবে গদ্যশৈলী বিচার করা যেতে পারে, তা আলোচনা করুন।

TE/PG(TH)20114

[Turn over

- গ) 'গাঁটছড়া' কাকে বলে ? 'গল্পের গাঁটছড়া' বলতে সুকুমার সেন যা বোঝাতে চেয়েছেন তা লিখুন ।
- ঘ) রূপকথা-র বিরুদ্ধে উত্থিত অভিযোগ, অভিযোগের কারণ ও তার সারবত্তা সম্পর্কে 'রূপকথা' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করুন ।
- ঙ) 'জাতি, সংস্কৃতি ও সাহিত্য' প্রবন্ধে সুনীতিকুমার চট্টোপাধ্যায় বাঙালি জাতিকে কর্মে ও শ্রমে বিশেষভাবে আত্মনিয়োগ করতে কেন বলেছেন তা আলোচনা করুন ।
- চ) 'সংস্কৃতি' বলতে গোপাল হালদার কী বুঝিয়েছেন ? তাঁর প্রদত্ত সংস্কৃতির সংজ্ঞা ও উপাদান সম্পর্কে আলোচনা করুন ।
- ৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১৫০ শব্দে) : ৭ × ৪ = ২৮
- ক) 'সৌন্দর্যবুদ্ধি মানবধর্ম' — রাজেন্দ্রসুন্দরের এই কথার তাৎপর্য নির্ণয় করুন ।
- খ) 'মেয়েরা অল্প কারণে কাঁদিতে পারে এবং বিনা কারণে হাসিতে পারে ।' — এটি কার কথা ? এর গূঢ়ার্থ লিখুন ।
- গ) গদ্য ও পদ্যের দ্বন্দ্ব কবিতার আলোচনায় কতখানি গ্রহণযোগ্য তা বিচার করুন ।
- ঘ) রূপকথা কীভাবে কবি ওয়ার্ডস্‌ওয়ার্থকে প্রভাবিত করেছিল তা সংক্ষেপে লিখুন ।
- ঙ) 'বাংলার রেনেসাঁস' প্রবন্ধ অবলম্বনে রামমোহন রায়ের ধর্মসংস্কার সম্পর্কে আলোচনা করুন ।
- চ) 'উত্তর তিরিশ' রম্যরচনা কিনা সংক্ষেপে লিখুন ।
- ছ) 'কমেডির হাস্য এবং ট্রাজেডির অশ্রুজল দুঃখের তারতম্যের উপর নির্ভর করে ।' — তাৎপর্য বিশ্লেষণ করুন ।
- জ) 'সংস্কৃতির সংজ্ঞা' প্রবন্ধটির ভাষা প্রয়োগ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন ।